**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১২৫-আইন/২০২২/৭৩/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর First Schedule-ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত উপকরণকে, উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| H.S. Code | Description |
|---|---|
| (1) | (2) |
| 2827.10.00 | Ammonium Cloride |
| 2830.10.00 | Sodium Sulphide |
| 2832.10.00 | Sodium Meta Bi Sulphite |
| 2832.30.00 | Sodium Hypo Sulphite (Thiosulphate) |
| 2833.29.20 | Chromium Sulphates |
| 2836.30.00 | Sodium Bi-carbonate |
| 2905.12.00 | Isopropyl Alcohol |
| 2905.31.90 | Ethylene Glycol (ethanediol) |
| 2912.11.00 | Methanal (Formaldehyde) |
| 2914.12.00 | Butanone (Methyl Ethyl Ketone) |
| 2915.11.00 | Formic Acid |
| 2915.12.90 | Salts of Formic Acid (Sodium Formate) |
| 2915.33.00 | n-Butyl Acetate |
| 3201.10.00 | Quebracho Extract |
| 3201.20.00 | Wattle Extract |
| 3201.90.00 | Kutch Gamia |
| 3201.90.00 | Other Tanning Extracts |
| 3202.10.00 | Synthetic Organic Tanning Substances |
| 3202.90.00 | Other Tanning Substances |
| 3204.11.00 | Disperse Dyes |

| H.S. Code | Description |
|---|---|
| (1) | (2) |
| 3204.12.00 | Acid Dyes |
| 3204.13.10 | Basic Dyes |
| 3204.13.90 | Other Basic Dyes |
| 3204.14.00 | Direct Dyes |
| 3204.17.00 | Pigment & preparation based thereon |
| 3204.19.00 | Other, Synthetic Organic Coloring matter |
| 3206.19.10 | Filler Master Batch |
| 3206.19.90 | Other Pigments |
| 3206.20.00 | Pigment based chromium compund |
| 3206.49.00 | Other Colouring Matter |
| 3210.00.20 | Prepared water pigments |
| 3210.00.90 | Other, Prepared Water Pigments |
| 3403.19.00 | Lubricating Preparations for Treatment of Leather |
| 3403.91.00 | Preparation for the treatment of Leather |
| 3404.90.90 | Artifical Waxes & prepared waxes |
| 3501.10.00 | Casein |
| 3501.90.00 | Other Casein |
| 3808.92.91 | Fungicides (For non Agricultural Purpose) |
| 3808.92.99 | Fungicides (For non Agricultural Purpose) |
| 3809.10.00 | Finishing Agent with a basis of Amylaceous Substances |
| 3809.91.00 | Other Finishing Agent |
| 3809.93.00 | Finishing Agent |
| 3823.70.00 | Industrial Fatty Alcohols |
| 3824.10.00 | Prepared binders for Foundry Moulds |

**<u>শর্তাবলি</u>**

(১) TABLE এ উল্লিখিত উপকরণ, বিনিয়োগ বোর্ড কর্তৃক Leather and leather goods manufacturers and exporters হিসাবে নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠান, যাহারা Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association, অতঃপর BFLLFEA অথবা Bangladesh Tanners Association (BTA) বলিয়া উল্লিখিত, এর সদস্য কেবল তদকর্তৃক নিজস্ব শিল্পে ব্যবহারের জন্য আমদানি করিতে হইবে।

(২) প্রত্যেক আমদানিকারককে প্রতিটি চালান শুল্কায়নের পূর্বে Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association অথবা Bangladesh Tanners

Association এর সভাপতি কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আমদানিকৃত উপকরণ নিজস্ব শিল্প ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত উপকরণ অন্যবিধ কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপনীয় শুল্ক-কর পরিশোধসহ Customs Act, 1969 এর অধীন যে কোনো আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক কর্তৃক যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৪) বিগত বৎসরের উৎপাদন, উৎপাদন ক্ষমতা অনুযায়ী আমদানি বৎসরের উৎপাদন পরিকল্পনা, ইত্যাদি বিবেচনায় নিয়ে TABLE এ উল্লিখিত উপকরণের বাৎসরিক প্রয়োজনীয়তার পরিমাণ প্রাক্কলন করিয়া প্রত্যেক বৎসরের জানুয়ারি মাসের মধ্যেই একটি হিসাবপত্র আমদানি সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন এর কমিশনার এবং সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে; কাস্টম হাউস/স্টেশনের কমিশনার দাখিলকৃত হিসাবের ভিত্তিতে আমদানিকৃত উপকরণ খালাস দিবেন; কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট প্রতি ৬ (ছয়) মাস পর পর উক্ত প্রতিষ্ঠানের আমদানিকৃত উপকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পণ্য উৎপাদনে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা সরেজমিনে নিরীক্ষা করিবেন।

(৫) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যথাসম্ভব স্বল্পতম সময়ে নিরীক্ষা সমাপ্ত করিয়া নিরীক্ষা সমাপ্তির ১ (এক) মাসের মধ্যে পরিশিষ্ট-৩ মোতাবেক একটি বস্তুনিষ্ঠ প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর নিকট এবং এর অনুলিপি সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবেন। নিরীক্ষা রেয়াতি হারে আমদানিকৃত উপকরণের ধর্তব্যযোগ্য অপব্যবহার পাওয়া গেলে Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) এর Table এর item 10A অনুযায়ী ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট আমদানি সংশ্লিষ্ট কাস্টমস কমিশনারকে অনুরোধ করিবেন; প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারকের প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে।

(৬) শর্ত (১) হইতে (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, আমদানিকৃত পণ্যচালানের প্রতিটি আইটেম, সংশ্লিষ্ট পণ্যের ক্যাটালগ/Literature এর (প্রযোজ্য ক্ষেত্রে) সহিত মিলাইয়া শর্ত (১) এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের উপকরণ হিসাবে সঠিক পাইলে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ পণ্যচালান শুল্কায়ন করিবে।

২। ২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ মোতাবেক ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫২-আইন/ ২০১৬/১৪/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**
**[শর্ত (২) দ্রষ্টব্য]**

**প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ------------------------------------------------ ------------------------------------------------------------------ (আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত একটি ফিনিস্ড লেদার, লেদার গুডস্, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং অথবা ট্যানার্স শিল্প প্রতিষ্ঠান।

এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং --------------------- তারিখ: ------- ইনভয়েস নং ----------------------------------- তারিখ: ---------------- বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং -------------------------- তারিখ: --------- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে।

উক্ত উপকরণ **১২৫-আইন/২০২২/৭৩/কাস্টমস**, **তারিখ: ১ জুন, ২০২২ খ্রিঃ** অনুযায়ী রেয়াতি হারে শুল্কায়নের সুপারিশ করা হইল।

তারিখ:

স্বাক্ষর: . . . . . . . . . . . . . . . . . . .
নাম: . . . . . . . . . . . . . . . . . . . .
পদবি: সভাপতি,
বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন/ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন
সীল:

**পরিশিষ্ট-২**
**[শর্ত (৩) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

আমি ----------------------------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ------ ------------------------------------------------------------------------------------------------ -------------------------- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ----------------------- তারিখ: -------ইনভয়েস নং ---------------------তারিখ: --- ----------- বিএল/ এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং -------------------- তারিখ: --------------- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ উল্লিখিত ফিনিস্ড লেদার, লেদার গুডস্, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং অথবা ট্যানার্স শিল্পে পণ্য উৎপাদনের কাজে ব্যবহার করিব।

এর কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের শুল্ক-কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর: ......................................................

তারিখ: মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: ...................

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ...............................

**পরিশিষ্ট-৩**
**[শর্ত (৫) দ্রষ্টব্য]**

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। নিরীক্ষাকাল/মেয়াদ :

৩। নিরীক্ষা মেয়াদে TABLE ভুক্ত আমদানিকৃত উপকরণের বিল অব এন্ট্রিভিত্তিক নাম, বিবরণ ও পরিমাণ (প্রয়োজনে আলাদা কাগজে) :

৪। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নিরীক্ষায় প্রাপ্ত ফলাফল:

৫। ক্রমিক নং-৩ ও ৪ এর পরিপ্রেক্ষিতে কমিশনারেটের পর্যবেক্ষণ/সুপারিশ/পদক্ষেপ:

কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
------ ।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**